

তারিখঃ ২১-০২-২০২০



মাটির লবণাক্ততা বৃদ্ধির ফলে ফসলের উৎপাদন ব্যাহত হচ্ছে : কৃষিমন্ত্রী

■ ইত্তেফাক রিপোর্ট

জলবায়ু পরিবর্তন বিশ্বের জন্য একটি সমস্যা উল্লেখ করে কৃষিমন্ত্রী ড. আব্দুর রাজ্জাক বলেছেন, ভৌগোলিক অবস্থান ও প্রাকৃতিক কারণে ঝুঁকিপূর্ণ দেশের মধ্যে বাংলাদেশের অবস্থান ৬ষ্ঠ। তাপমাত্রা বৃদ্ধি ও মাটির লবণাক্ততা বৃদ্ধির ফলে ফসলের উৎপাদন ব্যাহত হচ্ছে। শুধু কৃষিই নয়, অতিবৃষ্টি, অনাবৃষ্টি, খড়্গা ইত্যাদির কারণে মানুষের চিরচেনা স্বাভাবিক জীবনপ্রবাহই আজ ব্যাহত। গতকাল বৃহস্পতিবার ইনস্টিটিউট অব ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স বাংলাদেশ (আইডিইবি) মিলনায়তনে বাংলাদেশ ক্লাইমেট চেঞ্জ জার্নালিস্ট ফোরাম (বিসিজেএফ) আয়োজিত 'জলবায়ু পরিবর্তন : খাদ্যনিরাপত্তা নিরাপদ খাদ্যের নিশ্চয়তা করণী' শীর্ষক সেমিনারে তিনি এসব কথা বলেন।